

প্রিয় পিতামাতা/অভিভাবক:

ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE)-এর সংশ্লিষ্ট পরিষেবা কর্মসূচিগুলো স্টেট মেডিকেইডের শর্তাবলির সঙ্গে সঙ্গতিপূর্ণ করার একটি কর্মসূচির অংশ হিসেবে DOE, NYC-এর পাবলিক এবং নন-পাবলিক স্কুলে অধ্যয়নরত প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদেরকে প্রদত্ত সংশ্লিষ্ট পরিষেবাগুলো চিকিৎসকদের দ্বারা নিরীক্ষণ করিয়ে নিচ্ছে। এই পর্যালোচনা স্কুল বছরে চিকিৎসক, চিকিৎসকের সহকারী অথবা কর্তব্যরত নার্স জোগাতে পারেন। চিকিৎসকেরা আপনার সন্তানকে সেসন/স্কুল সেটিংয়ে পর্যবেক্ষণ এবং একজন থেরাপিস্টের সঙ্গে আলোচনা করবেন। এ পর্যবেক্ষণকারী চিকিৎসক আপনার সন্তানের সঙ্গে ব্যক্তিগতভাবে যোগাযোগ করবেন না এবং সকল পর্যবেক্ষণ শুধু একজন থেরাপিস্টের উপস্থিতিতে করা হবে।

এই নিরীক্ষণে আপনার কোন অর্থ ব্যয় করতে হবে না। এই নিরীক্ষণ IEP প্রক্রিয়ার অংশ নয় এবং আপনার সন্তানের বর্তমান সুপারিশে কোন হেরফের ঘটাবে না, যদিও এই পর্যালোচনার তথ্য আপনার সন্তানের থেরাপি সেসনের ক্ষেত্রে ব্যবহার করা হতে পারে। আপনার সন্তানের স্বাস্থ্য বিমার তথ্য গোপনীয় এবং এই পর্যালোচনার সঙ্গে সংশ্লিষ্ট নয়।

আমরা আশা করি এইসব পরীক্ষা এবং পর্যালোচনা আপনার সন্তানকে প্রদত্ত পরিষেবার উন্নতিতে ডিপার্টমেন্ট অভ এডুকেশনের প্রচেষ্টায় অবদান রাখবে এবং এই সকল পরিষেবার সহায়তায় বাড়তি ফেডারেল অর্থ লাভের যোগ্য করে তুলবে।

আপনার যদি কোন প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুলে যোগাযোগ করুন।

বিনীত,